যুগান্তর

তারিখ 05 JAN 2007
পৃষ্ঠা ২০ কলাম ২

# বিশ্বমানের উচ্চ শিক্ষা নিশ্চিত করুন

## ভিসিদের প্রতি ড. ইয়াজউদ্দিন

বাসস

রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টা প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ দেশে নকলমুক্ত, মানসম্মত ও বিশ্বমানের উচ্চ শিক্ষা নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয়গুলোর ভাইস চ্যান্সেলরদের প্রতি আহ্বান জানিয়েছেন।

বৃহস্পতিবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের একটি প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাৎ করলে তিনি এ আহ্বান জানান।

দেশের সব বিশ্ববিদ্যালয়ের ভিসিদের সমন্বয়ে গঠিত এ পরিষদ রাষ্ট্রপতি এবং বিশ্ববিদ্যালয়গুলোর চ্যান্সেলর ও প্রধান উপদেষ্টার কাছে বিশ্ববিদ্যালয়গুলোর সমস্যার কথা তুলে ধরেন।

তারা পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর চ্যান্সেলরদের বিদেশে সভা-সেমিনারে যোগ দেয়ার অনুমতির ক্ষেত্রে বিলম্ব দূর করা, মাসিক ভাতা বাড়ানো এবং সরকার প্রদত্ত বিশ্ববিদ্যালয় পরিষদের জমিতে ভবন নির্মাণের জন্য রাষ্ট্রপতি ও প্রধান

বিশ্বমানের : পৃষ্ঠা ২ : কলাম ৭

## বিশ্বমানের : উচ্চ শিক্ষা

(শেষ পৃষ্ঠার পর)

উপদেষ্টার হস্তক্ষেপ কামনা করেন।

তাঁরা বলেন, রাষ্ট্রপতি ও সরকার প্রধান হিসেবে রাষ্ট্রপতি এখন দেশের সব বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের দায়িত্ব পালন করছেন।

রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়গুলোর চ্যান্সেলর তাদের বক্তব্য মনোযোগ দিয়ে শোনেন এবং সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন।

রাষ্ট্রপতির উপদেষ্টা এম মোখলেসুর রহমান চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয় পরিষদ প্রতিনিধি দলে ছিলেন বিশ্ববিদ্যালয় পরিষদের চেয়ারম্যান, খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মোঃ মাহবুবুর রহমান, পরিষদের কোষাধ্যক্ষ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এম এরশাদুল বারী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এসএমএ ফায়েজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এম আলতাফ হোসেন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মোশাররফ হোসাইন মিঞা, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এএমএম সফিউল্লাহ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এম বদিউল আলম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভিসি প্রফেসর খন্দকার মুস্তাহিদুর রহমান, ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ার ভিসি প্রফেসর ড. এম আনোয়ারুল করীম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আমিনুল ইসলাম, জাতীয় বিশ্ববিদ্যালয় ভিসি প্রফেসর ড. ওয়াকিল আহমদ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় ভিসি প্রফেসর ড. লুৎফর রহমান, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ভারপ্রাপ্ত ভিসি প্রফেসর ড. এমএ তাহের, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (দিনাজপুর) ভিসি প্রফেসর ড. মোঃ খলিলুর রহমান, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ভিসি প্রফেসর আবদুল লতিফ মাসুম, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ভিসি প্রফেসর ড. মীর সহীদুল ইসলাম, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ভিসি প্রফেসর ড. এএসএম আনোয়ারুল হক, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ভিসি প্রফেসর ড. এম আনোয়ার আজীম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভিসি প্রফেসর ড. একেএম সিরাজুল ইসলাম খান ও কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় ভিসি প্রফেসর ড. শামসুর রহমান।